গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর
(স্থানীয় সরকার শাখা)
www.meherpur.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৫৭০০.০০৮.১১.০০৩.১৬-৪৩৫ তারিখঃ ০৮ ডিসেম্বর ২০১৬ ।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ অধিশাখার ২৮ নভেম্বর ২০১৬ তারিখের ৪৬.০১৮.০২২.০০.০০.০১০.২০১১ (অংশ-২)-৭০৪ নম্বর স্মারকপত্রের পরিপ্রেক্ষিতে মেহেরপুর জেলার ইউনিয়ন পরিষদে হিসাব সহকারী কাম- কম্পিউটার অপারেটর পদে সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী মেহেরপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত আবেদন ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

ক্র: নং	পদের নাম	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫)	পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১	হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর	গ্রেড-১৬ টাকা ৯৩০০-২২৪৯০/- ও অন্যান্য ভাতাদি । মোট বেতন ভাতার ৭৫% সরকার এবং অবশিষ্ট ২৫% সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের হিস্যা হতে সংগ্রহ সাপেক্ষে একত্রে ১০০% বেতনভাতাদি এ কার্যালয় হতে পরিশোধযোগ্য ।	১২ (বার) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং (গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সবনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ ।

আবেদনের শর্তাবলীঃ

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও মেহেরপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীকে নির্ধারিত ফরমে স্ব-হস্তে আবেদন করতে হবে ।

০৩। সরকার কর্তৃক চাকুরির নির্ধারিত আবেদন ফরম জেলা প্রশাসক, মেহেরপুর কে সম্বোধন করে আগামী ৩১.১২.২০১৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসক, মেহেরপুর এর কার্যালয়ে ডাকযোগে পৌঁছাতে হবে । সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য নয় । খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বামপার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে । নির্ধারিত আবেদন ফরমটি জেলা প্রশাসক, মেহেরপুর এর ওয়েব সাইটে www.meherpur.gov.bd / জেলা প্রশাসক, মেহেরপুর এর কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় / www.forms.gov.bd ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে ।

০৪। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৫। প্রার্থীর বয়সসীমা ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য । বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না ।

০৬। আবেদনপত্রের সহিত নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

(ক) সদ্য তোলা ০২ (দুই) কপি ৫×৫ সে:মি: আকারের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে।

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(গ) শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি ।

(ঘ) প্রার্থী মুক্তিযোদ্ধা /শহীদ মুক্তিযোদ্ধার সন্তান অথবা সন্তানের সন্তান হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী চাকুরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বক সনদের কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

প্রার্থীর নাম	মুক্তিযোদ্ধার নাম	মুক্তিযোদ্ধার পিতার নাম	মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা	মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ	মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ	গেজেট নম্বর ও তারিখ	মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর	বামুস সনদ নম্বর ও তারিখ	মুক্তিযোদ্ধার নাতি-নাতনী দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র	মুক্তিযোদ্ধার উত্তরাধীকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২

অপর পাতা

(ঙ) সকল প্রার্থীকে আবেদনের সাথে ৫০০/-(পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট জেলা প্রশাসক বরাবরে সোনালী ব্যাংক লিমিটেড, কোর্ট বিল্ডিংশাখা, মেহেরপুর এর অনুকূলে সংগ্রহ করে আবেদনের সাথে দাখিল করতে হবে।

(চ) পদের নাম ও প্রার্থীর নাম-ঠিকানা সংবলিত ১০/- (দশ) টাকার ডাক টিকিট লাগানো ০১ (এক)টি ১০ ইঞ্চি x ৪. ৫ ইঞ্চি একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৭। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮। চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে । এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৯। সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার / শহীদ মুক্তিযোদ্ধার সন্তান / সন্তানের সন্তান /মহিলা/ আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবী সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/ প্রমাণপত্রের কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

১০। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র (প্রযোজ্য হলে), জন্ম নিবন্ধন সনদপত্র, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ, সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১২। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজন/ বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৪। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

(পরিমল সিংহ)
জেলা প্রশাসক
মেহেরপুর
ফোনঃ ০৭৯১-৬২৩০১
e-mail:dcmeherpur@mopa.gov.bd

স্মারক নম্বরঃ ০৫.৪৪.৫৭০০.০০৮.১১.০০৩.১৬-৪৩৫ তারিখঃ ০৮ ডিসেম্বর ২০১৬।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার ,খুলনা।

অনুলিপি জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য :

০১। পরিচালক, স্থানীয় সরকার,বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।
০২। জেলা প্রশাসক .... (সকল)
০৩। পুলিশ সুপার, মেহেরপুর।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মেহেরপুর।
০৫। সিভিল সার্জন, মেহেরপুর।
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/ (রাজস্ব)/ (শিক্ষা ও আইসিটি),অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মেহেরপুর ।
০৭। উপজেলা নির্বাহী অফিসার ,মেহেরপুর সদর / গাংনী /মুজিবনগর।
০৮। সহকারী কমিশনার (ভূমি), মেহেরপুর সদর / গাংনী /মুজিবনগর
০৯। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর (**বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো**)
১০। জেলা তথ্য অফিসার, মেহেরপুর।
১১। চেয়ারম্যান------------------------------------ইউনিয়ন পরিষদ, মেহেরপুর সদর /গাংনী / মুজিবনগর।
১২। সম্পাদক, দৈনিক ইত্তেফাক, ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫। বিজ্ঞপ্তিটি ১০/১২/২০১৬ তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য পত্রিকার ভিতরের পাতায় ৪ কলাম ৫ ইঞ্চিতে প্রকাশ করে পত্রিকার ০৫ (পাচ) টি কপি এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৩। সম্পাদক, দৈনিক বাংলাদেশ বার্তা, মজমপুর , কুষ্টিয়া। বিজ্ঞপ্তিটি ১০/১২/২০১৬ তারিখের মধ্যে ০১(এক) দিনের জন্য পত্রিকার ভিতরের পাতায় ৪ কলাম ৫ ইঞ্চিতে প্রকাশ করে পত্রিকার ০৫ (পাচ) টি কপি এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৫। নোটিশ বোর্ড ....

(পরিমল সিংহ)
জেলা প্রশাসক
মেহেরপুর।